# ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।


*(নভেম্বর ৩০, ২০১৩ ভিত্তিক)*


বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/-টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের নভেম্বর ৩০, ২০১৩ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখচিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ

## ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

| ব্যাংকের নাম | চলতি মাসে খোলা মোট হিসাব | চলতি মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ | ১২০১ | ২২৭৩৭৯৯ |
| জনতা ব্যাংক লিঃ | ০ | ১৪৯২৬৪৬ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ১০৯২ | ১৪৫৭৩৭৮ |
| রূপালী ব্যাংক লিঃ | ১৭২ | ৪৮৭২৩৩ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ১০০৪২ | ২৫২৭২৩০ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ০ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ১৪৩০৪০২ |
| বেসিক ব্যাংক লিঃ | ১০ | ১৮৯ |
| **মোট** | ১২৫১৭ | **৯,৬৬৮,৮৭৭** |

**নভেম্বর মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র- ১ ও চিত্র- ২)**







**বিশ্লেষণঃ** ছক-১ এর তথ্য অনুসারে ২০১৩ সালে নভেম্বর মাসে চারটি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (১০০৪২)। নভেম্বর মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট **৯,৬৬৮,৮৭৭**টি হিসাব খোলা হয়েছে যার মধ্যে সবচেয়ে বেশী পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২৫২৭২৩০)। জনতা ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, এখন পর্যন্ত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার বিনিময়ে কৃষকের কোন ব্যাংক হিসাব খোলা হয়নি এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা ১৮৯ টি।


## ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

| ব্যাংকের নাম | চলতি মাসে খোলা মোট হিসাব সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা | অন্যান্য ১০/- টাকার হিসাব (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দুর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।) |
| সোনালী ব্যাংক লিঃ | ৪০৫ | ১৬৭৮ | ৬ | ৭০১৭ |
| জনতা ব্যাংক লিঃ | ৫১১৮ | ০ | ১ | ২৭২০ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ১০৫ | ০ | ২ | ৪১৬ |
| রূপালী ব্যাংক লিঃ | ০ | ০ | ৯ | ২১৫ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৩১৬ | ০ | ২০ | ৩২৯ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ০ | ০ | ০ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ০ | ৪ | ৪১২ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ০ | ০ | ০ |
| **মোট** | **৫,৯৪৪** | **১,৬৭৮** | **৪২** | **১১,১০৯** |

| ব্যাংকের নাম | চলতি মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা | অন্যান্য ১০/- টাকার হিসাব (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক এবং আইলা দুর্গত ব্যক্তি ইত্যাদি।) |
| সোনালী ব্যাংক লিঃ | ১১৫৪৮০৯ | ১০৮১৮৯ | ৯৭৯ | ১৪২০২৪ |
| জনতা ব্যাংক লিঃ | ৩০২৩১৭ | ৩০৫৩ | ৯০৮ | ৬৬৩০০ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৩৯১৪৭৯ | ১১৫০ | ৯৯২ | ১২৪৬২০ |
| রূপালী ব্যাংক লিঃ | ২৩১৬৫ | ২৩৫ | ৩৭০ | ৪৮৪৮০ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৫৭৩৩৩৬ | ২৪৭৩ | ৪৫১২ | ৩১৬১৪০ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ৩ | ০ | ০ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ২৫৪৩৩৩ | ৮০৯ | ১৭৩৯ | ১১৮৭৪৫ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ১ | ০ | ১২৬ |
| **মোট** | **২,৬৯৯,৪৩৯** | **১১৫,৯১৩** | **৯,৫০০** | **৮১৬,৪৩৫** |

১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র-৩ ও চিত্র-৪)





**বিশ্লেষণঃ** ছক-২ এর তথ্য অনুসারে ২০১৩ সালের নভেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ। এ মাসে সোনালী ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত ১০/- টাকা ও ১০০/-টাকায় ৯১০৬টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের হিসাব খোলা হয়েছে ৭০১৭টি। এছাড়া, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের জন্য সর্বোচ্চ ৫১১৮ টি হিসাব খোলা হয়েছে জনতা ব্যাংকে। উল্লেখ্য যে, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ ২০১৩ সালের নভেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। এছাড়া, এ হিসাবের আওতায় এ দু'টি ব্যাংকের হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

**ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য**


| খাতের নাম | নভেম্বর মাসে খোলা মোট হিসাব | নভেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|
| কৃষক | ১২৫১৭ | ৯,৬৬৮,৮৭৭ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | ৫৯৪৪ | ২,৬৯৯,৪১২ |
| মুক্তিযোদ্ধা | ১,৬৭৮ | ১১৫,৯১৩ |
| ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব) | ৪২ | ৯,৫০০ |
| অন্যান্য ১০/-টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক এবং আইলা দূর্গত ব্যক্তি ইত্যাদি।) | ১১,১০৯ | ৮১৬,৪৪৭ |
| **মোট** | **৩১,২৯০** | **১৩,৩১০,১৪৯** |

**১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র-৫ ও চিত্র-৬)**

**চিত্র ৫: নভেম্বর মাসে খোলা মোট হিসাব**




**চিত্র ৬: নভেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা**




**বিশ্লেষণঃ** ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৩ সালের নভেম্বর মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট **৩১,২৯০টি** হিসাব খোলা হয়েছে। এর মধ্যে কৃষকের হিসাব শতকরা ৪০% (চিত্রঃ ৫) যা অন্যান্য হিসাব সংখ্যার তুলনায় সর্বোচ্চ। মাসান্তে সর্বমোট **১৩,৩১০,১৪৯টি** ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলা হয়েছে। এর মধ্যে কৃষকের হিসাব সংখ্যা শতকরা ৭৩% যা অন্যান্য হিসাবের তুলনায় সর্বোচ্চ, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ২০%, মুক্তিযোদ্ধাদের হিসাবের সংখ্যা শতকরা ১%, এবং অন্যান্য ১০/- টাকার হিসাব সংখ্যা শতকরা ৬% (চিত্রঃ ৬)।

--------০-------

**১০/ টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র (চিত্র-৫ ও চিত্র-৬)**

